## <u>ভারিখ পত্র</u> বঙ্গীয় সাহিত্য পরিষৎ এন্থাগার

বিশেষ জন্তবা: এই প্তক ১৫ দিনের মধ্যে ফেরত দিতে হইবে।

পুণ দেখ ত। বিশ		গুংবেন তানিখ	গুহণের তাবিখ	গ্রহণের তারিখ	্ৰহণেৰ তথৰিণ
die.	i i			1	
157		ı			,
		1			
	1			•	
	1				
	1	•			
	:	4 pg		t.	
	;	;		1	
		:		1	: :
•				,	

G. P. & P. Private Ltd. -5-56-5000



## **BOOK-KEEPING**

#### IN BENGALI

FOR THE USE OF

# MAHAJANS, SCHOOLS AND PATSHALAS,

SECOND EDITION

# মহাজনী-হিসাক লিখন-প্রণালী। শিষ্তী সংখ্যা শিষ্তী সংখ্যা শিক্তী সংখ্যা শিক্তী



Printed at the Graduate Printing Works, 93-3-3B. Harl Ghosh St. Calcutta.

# ভূমিকা।

"মহাজন-স্থা" প্রকাশের পর বিবেচনা করিয়া দেখিলাম যে বাঙ্গলা ভাষার Book-keeping বা খাতাপত্র ও হিসাব-রাথার প্রণালী আজ পর্য্যন্ত বিশদভাবে কেহ প্রকাশিত করেন নাই। এবিষয়ে বাঙ্গালী মহাজনদিগের একটী বিশেষ অভাব রহিয়াছে। সেই অভাব দূর করিবার জন্মই এই পুস্তক প্রকাশ করিলাম। "মহাজন-স্থা" প্রকাশের পর যেসন সকল মহাজনে আগ্রহের সহিত গ্রহণ করিয়া বিশেষ উপকৃত হইয়াছিলেন, আশা করি, এই পুস্তকখানির দারাও তাঁহারা দেইরূপে বিশেষ উ**প**কৃত হইবেন। পুস্তকখানি যেরূপভাবে, যেরূপ প্রণালীতে ও যেরূপ ভাষায় লিখিত হইল, তাহাতে শিক্ষানবীশ ও স্তকুমার বালকদিগেরও পাঠের উপযোগী হইবে বলিয়া আশা করি। হাতে কলমে যতদুর অভিজ্ঞতা লাভ করিয়াছি, এই পুস্তকে তাহাই স্বলভাবে সন্নিরেশিত করিয়া দিলাম। ইহাপেকা যিদি । কৈছ জানেন, অনুগ্রহ করিয়া আমাকে জার্মাইলে, ক্রাদর্কে, ব্রহণ করিষা: তৃতীয় সংস্করণে যথাসাধ্য সংশোষ্ট্রিত করিতে চৈট্ট করে। আমার লোকবল ও অর্থবল মাই; নহিন্দে এই পুতিকগানি বিশ্ববিদ্যালয়ের পাঠ্যভুক্ত হইবে ইহার বুলুলুপ্রচার হইত যদি কোন সদাশয় ও উদ্যোগী বাক্তি এই দিন্ধিদ লেখকের পুস্তকখানি বিশ্ববিদ্যালয়ে পাঠ্যতালিকী ভুক্ত করিতে চেফা ও আমুকূল্য করেন, তাহা হইলে বিশেষ উপকৃত হইব। ইতি বিনীত ५:०२० मान, हन्तननगत्र है শ্রীসম্ভোষনাথ শেঠ i (जना-कशनी।

# দ্বিতীয় সংস্ক্রণের বিজ্ঞাপন।

দিতীয় সংস্করণ অনেকদিনের পর প্রকাশ ইইল। বুঝিলাম বাঙ্গালী মহাজনের। পয়সা দিয়া পুস্তক কিনিয়া শিক্ষালাভ করি ত চান না। অথচ সেই মান্ধাতার আমল ইইতে যেরূপ থাজাপত্র লিখিতে শিক্ষা করিয়াছেন—তাহাই চলিয়া আসিতেছে। পুস্তকথানি পাঠশালা ও ছাত্রমূর্ভি বালকদিগের উপযোগী ইইলেও আমার লোকবল (Recommendation) না থাকায় এবারেও বিশ্ববিভালয়ের অন্তর্গত করিতে পারিলাম না। এবারে অনেক নৃতন বিষয় সন্নিবেশিত করিলাম। নিবেদন ইতি—

বৈশাথ ১৩২৮ চন্দননগর।

শ্রীসন্তোষনাথ শেঠ।

# উৎসর্গ পত্র।



বঙ্গের ধনী, মহাজন, সওদাগর, আড়তদার, দোকানদার ও

ব্যবসায়ীদিগের হস্তে এই ক্ষুদ্র পুস্তকখানি

সাদরে

উৎमर्गीकृত रहेन।

বিনীত শ্রীসভোষনাথ শেঠ।

# স্থভীপত্র।

				পত্ৰাৰ	
	প্রথম নি	বভাগ।			
١ ۶	আমাদিগের মুহুরিদিগের কথা		•••		৩
١ د	আমাদের দোষ কি ?		•••	• • •	9
8 (	আমাদের কথা	•••	• • •		9
@ }	থাতা <b>লেধার সংক্ষেপী ক</b> থার তা	লিকা ও <b>অ</b> র্থ	•••	• • •	8
91	জ্মাথর্চ ···		• • •	• • •	œ
9	মহাজনী চালান · · ·	•••	• • •	• • •	٩
<b>b</b> 1	ञीमुथ	•••	•••	• • •	-
21	হেডিং		•••		2
201	কম্মতারী ও চাক্রদিগের মাহিনা	খাতা	* * *		5
>> 1	আমানত মূলধন থাতা	•	•		> ¢
<b>ऽ</b> २ ।	কি কি থাতা রাখা দরকার	• • •	• • •	•••	7.0
201	থদ্ড়া বা জাব্ৰা বা চিঠা	•••			74
58	জাব্দার আদর্শ			• • •	\$2
201	তক্রারি জমা-থরচ বা হিসাবি জ	মা-থরচ		• • •	२२
166	খতিয়ান	• • •	•••	•••	₹, 9
>91	নগদান-বহি · · ·	•••	***	• • •	೦೨
<b>&gt;</b>	ওজন-বহি ···	•••	•	•••	৩৫
166	আমদানি ও রপ্তানি মালের বহি		•••	• • •	৩৯
२० ।	গুদামের বহি · · ·	***	•••	•••	83
<b>&gt;&gt;</b>	কড্চা বা তাপাদার বহি	• • •	* * * *	•••	82
२२ ।	হাতচিঠা:বহি ···	•••		•••	88
२७।	দোকানে কি কি জিনিষ আছে ব	চাহার তালিকা	<b>ৰ</b> হি	***	88

	\			
२8	ঠিকানা বহি 💛	•••	***	80
२०।	জাঁকড়-বৃহি ···	***	•••	89
२५।	অর্ডার-বহি · · ·	•••	***	88
२१।	ভিঃ পিঃ বৃহি		•••	81
२৮।	রেলের ও ষ্টামারের রসি	দের নকল বহি	•••	«•
२२।	চিঠির নকল-বহি			৫২
001	পত্ৰ লেখার দোষ	• • •	•••	აა
७५।	মোনফা খাতা \cdots	•••	•••	৫8
७२ ।	হিসাব রাথিবার একটা	সহজ প্রণালী	•••	aa
	ج	5-5-4		
	ষ	তীয় বিভাগ	1	
> 1	দৈনিক কাৰ্য্য	. •	***	05
2	সাপ্তাহিক কাৰ্য্য	•••	***	. 46
91	খরিকারের কথা	•••		90
8 1	বাৎসরিক কার্যা		• • •	৬১
a 1	রেওয়া মিল করা	•••	• • •	৬২
51	নোকামের খাতা রাগা	•••	•••	৬৫
9 1	কর্মচারীদিগের কতক গু	লি নিয়মাবলী ও উপা	<b>™</b>	9.
		P Visitrijii displanta in analogu.		
		রিশিষ্ট	_	
		13178	l	
51	পরিমাণের নিয়ম			98
	সীষ্কার ওজন	•••	* *	95
ं ७।	अन्कमा	***	* ***	99



প্রীপ্রীগণেশায় নগঃ।

# নহাজনী হিসান লিখন-প্রণালী।

## প্রথম বিভাগ।

হিন্দুর প্রত্যেক শুভ কর্দ্মান্ত্র্ঠানের প্রারম্ভে, মঙ্গলের ও প্রীর্দ্ধির জন্ম শুভদিনে ও শুভক্ষণে দেবদেবীর পূকা করিতে হয়। সেই হেতু ব্যবসারের প্রথমে শুভদিনে ও শুভক্ষণে থাতাপূজা বা প্রীক্রীপগন্ধের্মরী পূজা করিতে হয়। ইংরাজি শিক্ষিত বাবু মহলে উপরোক্ত সনাতন প্রথাকে গ্রাহ্থ না করিয়া যদৃচ্ছা একেবারে কারবার গুলিয়া বসেন। আমরা অনেকস্থলে দেখিয়াছি যে, তাহার পরিণাম ভাল হয় না। সেই জন্ম আমরা সকলকেই বিনীতভাবে অন্তরোধ করিতেছি, যে শাস্তান্ত্রসারে শুভদিনে প্রীভাগন্ধের্মরী পূজা ও যে ঘরে দোকান করিবেন সে ঘরের বাস্ত্রদেবতার পূজা, নিজে সেই দিন ব্রক্ষার্চ্যা অবলম্বন করিয়া সদ্ ব্রাহ্মণের দ্বারাম্ব করাইবেন।

ব্যবসায়ের কাজের জীবনী হইল টাক।—তাহার পর থাতা। সেই জন্ম ব্যবসা করিতে হইলে, অগ্রে থাতা লেখা কি করিয়া লিখিতে হয়, তাহা লিকা; করা দরকার। ব্যবসায়ে লাভ হইতেছে কি লোকসান হইতেছে গ ইহা, বৃথিতে হইলে খাতা ভিন্ন উপায় নাই। থাতা পত্র ঠিকভাবে রাখিতে না পারিলে ব্যবসায়ের আদান প্রদান, দেনা পাওনা, কোন্ জিনিসে কিরপ লাভ হইতেছে;

কোন্ জিনিস মজ্ত কত, কোন্ মাল বিক্রের করিয়া কত কমিকম্তা হইতেছে, কোন্ মাল চুরি যাইতেছে, কাহার নিকট তাগালা করিতে ছইবে প্রভৃতি ঠিক থাকে না।

ইংরাজের আপিসে বাহারা থাতাপত্র লেথে, তাহাদিগকে বুক-কিপার (Book-Keeper) বলে, আর বাঙ্গালা সেরেস্তার যাহারা কার্যা করে, তাহাদিগকে মুছরী বলে। যাহারা নিজে থাতাপত্র শিক্ষা করেন না, তাহাদের মূলরীর উপর সব নির্ভর করিতে হয়। বাবসায়ীর পক্ষে তাহা করা উচিত নহে! নিজে থাতা পত্র রাথিতে না জানিলে মছরীদিগকে খাটান যায় না ত্রিং কার্যোর উর্নাত হয় না।

ইংরাজি ভাষার ছই তিন রকমের Book-Keepingএর পুস্তক আছে, তাহা পাঠ করিয়া পরীকা দিয়া পাশ করিলে, তবে গবর্গমেণ্টের আপিলে Accounts বিভাগে চাকরি পাওয়া যায়। ইংরাজি হিসাবে খাতা-পত্র রাখার সর্বত্র এক নিয়ম। বাঙ্গালার স্থানবিশেষ ও দেশভেদে কিছু কিছু তফাং আছে:—তা'ছাড়া ইংরাজি খাতার একটু বিশেষ স্থাবদা আছে;—সব ছাপান column বা item থাকে,—কেবল form fill up করিলেই কার্যা হয়! ইংরাজি জানেন, তাঁহারা ঐ columnগুলি দেখিলে ব্রুত্তে পারেন যে কোন্টীতে কি লিখিতে হইবে। তবে কতকগুলি বিষয় যাহা শক্ত হয়, তাগা উপরওয়ালার নিকট ব্রাইয়া লইতে হয়। বাঙ্গালা থাতায় তাহা হইবার উপায় নাই; একেবারে বাঁধা—সাদা থাতা ? শুগ্রিছার্গা হইতে পত্তন করিয়া, পত্রাক ফিরিস্তি, স্টিপত্র, প্রভৃতি লিখিয়া, শেষে যে থাতায় যেরূপ লিখিতে হয়— সেইরপ প্রণালীতে লিখিতে হইবে।

ইংরাজনিগের আপিসে, অনেক ভাল ভাল শিক্ষিত হিসাব-রক্ষক মহাশরেরা
নৃতন নৃতন সহজ পছা আবিষার করিয়া আপিসওয়ালানিগকে শিক্ষা দিতেছেন।
কলিকাভার স্থায় বড় বড় সহরে এমন ত্রই চারিটী আপিস আছে—মাহারা
লোকের হিসাব পরীক্ষা করিয়া থাকে। তাহাদিগকে Auditors office বলে।
এই সকল আপিসে খুব ভাল ভাল মোটা মাহিয়ানার হিসাব-রক্ষক আছেন।
আমারা বিশেষভাবে পরীক্ষা করিয়া দেখিয়াছি যে, এমন স্ক্র হিসাব আমাদের
বাক্ষালাতে নাই।

# আমাদিগের মুহুরীদিগের কথা।

আমাদের বাঙ্গাণী মুহুরী মহাশরেরা সেই মাদ্ধাতার আমল হইতে যেরপ হিসাবে রাখিতে শিক্ষা করিরাছেন, ঠিক সেই ভাবে কার্য্য করিয়া যাইতেছেন, এবং নৃতন কর্ম্মচারীদিগকেও সেই ভাবে শিক্ষা দিতেছেন। তাহাপেক্ষা মাথা ঘামাইয়া, কোন সহজ উপায় বাহির করিতে চেন্তা করেন না. বা চালাইতে চাহেন না। বাঙ্গালীর হিসাবে বা খাতা-পত্র অনেকের প্রতাহ প্রস্তুত হয় না। সময়াভাবে, লোকাভাবে বা আলস্তে কার্যার দ্পের পড়িয়া থাকে। এমন কি? ১০১৫ দিন হ'য়ত তহবিল মেল করা হয় না? হলৈ প্রধান মুহুরী ক্রামা ঘাইলে বা তাহার মৃত্যু হইলে, অন্ত লোক আসিয়া হিসাব-পত্র ব্রিতে পারেন না। কেননা? নানা-ধরণের কাণটুকি, কপালটুকি, হা-ওলাতি, থাতার পৃষ্টে লেখা, নোট্বকে লেপা. কতক মনের মধ্যে থাকা, ইত্যাদি কারণে থাতায় ঠিক জমা থগ্রচ না হওয়াতে, নৃতন কর্মক্রম মুহুরী আসিয়াও কিছুই বৃঝিতে পারেন না।

## আমাদের দোশ কি ১

অনেক স্থানে আমরা দেখিরাছি যে, উপযুক্ত কর্ম্মচারী থাকা সম্বেও তাহাদের দৈনিক কার্যা, মজুত মালের মিল, বাৎসরিক মোনফা প্রভৃতি হয় না। এমন কি ? এইরূপ ভাবে এই পাঁচ বৎসরও কাটিয়া যায় ৽ ইহাতে নিয়লিখিত দোষগুলি জনিয়া থাকে:—

পাওনা টাকা অনাদায় হয়; বাকী টাকার নালিশ করিবার সময় উত্তীর্ণ হুইয়া যায়; অনেক মালপত্র লোকসান হয়, দোকানের চুরি বৃদ্ধি পায়; অংশীদার মহাশয়েরা লাভ লোকসান বৃদ্ধিতে না পারায় কার্যা বন্ধ হুইয়া যায়; দোকানে Credit নষ্ট হুইয়া যায়; শেযে মামলা মকদ্যমায় বার-ভূতে দোকান ছারখার করিয়া দেয়।

## আমাদের কথা।

বাঙ্গালা ভাষার আজ পর্যান্ত Book-keeping সম্বন্ধে কোন ভাল পুন্তক্ । বাহির হয় নাই। এ বিষয়ে কাহারও চেটা পর্যান্ত দেখি নাই। পাকা মহুদী ন মহাশয়েরা, প্রায় অধিকাংশই লেখা-পড়া কম জানেন। বাজালা ভাষায় তাঁহীদের । দুখল নাই, বলিয়া ভাহারা কোন বিষয়ে চেটা করেন না। আছি কান এইনপ ধরণের একথানি পুস্তক বিশেষ আবশ্যক হইয়া পড়িয়াছে। ইংরাজি-শিক্ষিত অনেক ব্যক্তি বাঙ্গালা ভাষার থাতা-পত্র কিছুই ব্যেন না, অথচ নৃতন ব্যবসা করিতে গিয়া অনেক বিষয়ে ঠেকেন—মুছরীদের উপর বিশ্বাস করিয়া কার্য্য করিতে হয়। সেই সকল অভাব দ্র করিবার জল্প, আমরা এই পুস্তক প্রকাশ করিলাম। অনেক দিন ব্যবসায়-কার্য্যে লিপ্ত থাকিয়া, যাহা অভিজ্ঞতা লাভ করিয়াভি এবং যাহা সহজ উপায় বৃঝিয়াছি, তাহাই এই পুস্তকে সমস্ত খুলিয়া লিখিলাম।

শিক্ষার্থীদিগের ইহার দ্বারা বিশেষ উপকার হইবে এবং পাকা মুন্থরী।

দ্বিদেগেরও অনেক বিষয়ে চকু খুলিবে বলিয়া আশা করি।

# খাতা লেখার সংক্ষেপী কথার তালিকা ও অর্থ।

- ১। মোং—মোকামের সংক্ষেপী কথা। উহার অর্থ ঠিকানা।
- २। मः—मकूरानत मः(काशी कथा। উহার অর্থ জন্ম।
- ৩। ব:--বকলম অর্থ অন্তের পরিবর্তে।
- ৪। মাং—মারফতের সংক্ষেপী কথা। উহার অর্থ বারার।
- ে। তাঃ—কেহ কেহ মাং স্থলে তাঃ লেখেন উহার অর্থ গুরুরৎ বা বারায়।
- ৬। হাং—হাল কথার সংক্ষেপী। উহার অর্থ চলিত (current)।
- १। नाः-- नाशित्नत्र मरक्किनी कथा। व्यर्ग-- carried.
- ৮। জায়-Details বিস্তারিত বিবরণ।
- ৯। কৈ: —কৈফিয়তের সংক্ষেপী কথা।
  - ১०। " भः—भव्लाकत मः किशी कथा। छेरांत्र अर्थ—साँछ मः शा।
  - ১১। ইজের—এক পূর্চা হইতে অন্ত পূর্চায় লইয়া বাওয়া।
  - ১২। রোক্—নগদ।
  - ১৩। विः—विमर्का-वर्श—मक्रण।
  - 281- त्थाम-निका
- ু ১৫। কর্তাবাদ্—দে ব্লিনিসে মালভর্তি হয়, ভাহার বাদকে করতাবাদ বলে।

#### DEBIT & CREDIT.

#### জনা খর্চ।

শাতা-পত্রের প্রধান অঙ্গ-জমা থরচ। সকল থাতাতেই ঠিকভাবে জমা থরচ প্রভাহ রাখিতে পারিলেই খাতা পরিকার থাকে। এই জমা থরচ শিক্ষা করা এগো দরকার। ইহা গুব সহজ, তবে বিষয় অনুসারে একটু আধটু ভগাৎ আছে; তাহা যথাজানে জানাইব। এখন জমা খরচ কি, তাহা ব্যাইয়া লিখিতেছি:-

## जामर्भ।

And the second s	432-
মভয়চরণ শেট	कानिनांत्र (नाउँ
মো: বাণীগঞ্জ	মো: হাটথোলা
ङ्ग्यां———— खः चीनात्मस्त्राचि मात्र	<b>খর</b> চ——
গ্ৰণ্মেণ্ট নোট	यः ब्राक्नवहस् भाग
चित्र है ४२७०२।	্বঙ্গল ব্যাধ্যের চেক ১ খানা
5· ) > (本写	प्रज्ञाण वि, तक. शार्णंत्र मारम
> • • \	৬৬৪২ নং—১ কেতা——৫০০১
) · (4.2)	No. Angline of Make and Control of the Control of t
2 • • <	
A 7 ( )	
R • .	
≎ <b>% •</b> ~,	ৰাঙ্গালীচরণ শেট——— ম ৭॥৫
হরিহ্র শেট—— ১৪৮৫/ ৯	মোঃ—চন্দ্ৰনগ্ৰ—
মো:—কলিকাডা—	বুট ১০ বোরা ২০,
क्यां	#: 210 TS:
বি: ২রা বৈশাথের ১৩ নং	
চালানের মাল	বোরা ১০ পান——
विः गर्भ माञादक-	√বিভি, ¢
##{ \\ \\ \\ \\ \\ \\ \\ \\ \\ \\ \\ \\	. 39118

জম	
সতিশচন্দ্র কুণ্ড ৮৮০	বাসা-খরচ থাতা——— ১৮৮/ ১
মোং— লক্ষীগঞ্জ-	খরচ—
দ: ৪ খানি বোরা ফেরত—	দঃ হরেক রকম জিনিস
Jo [5:	थंत्रिम नगम>५००
আতপ চালা ১ বোরা ২/মণ শইয়া	principal de la committe del committe de la committe de la committe del committe de la committe del la committe del la committe de la committe del la committe de la commit
यात्र छोहा स्कबर समय मः ८ हिः ५	
<b>∀</b> ₩•	
হল্দবিক্রি থাতা—— ৩৩,	इनुम थत्रिम थांछ। थत्रठ——२०७।/•
To an annual construction of the second	नः नगम
मः स्राम	>৫ বোরা ৫•/
२ (रोत्रा ४/>२	#\$ €\ f5:> € 0.
> " 5/>>/	বোরা 10 চি:- ৬10
	<b>৵বৃত্তি</b> ——
૭૭	₹৫%//•

আন্দর্শ দেখিয়া কতকটা বৃথিতে পারিবেন বে, মাল থরিদ বিক্রি ও ধার দিলে কি করিয়া পত্তন করিতে হয় এবং কিরূপ ভাবে জায় (details) দিয়া লিখিতে হয়। যত রকম জমা থরচ হইবে, প্রত্যেক বিষয়ের একটি করিয়া হেডিং থাকিবে। ঐ হেডিং সহজে পরে লিখিতেছি। মাল বা নগদ টাকা খা ধে কোন জিনিস, কেহ লইলেই, আপনি তাহার নামে ধরচ লিখিবেন, এবং টাকা বা কোন জিনিস আপনি পাইলে, তাহার নামে জমা করিবেন। কোন বিষয় বা কাহার নামে জমাথরচ করিতে হইলে, সমস্ত বিষয় খূলিয়া লিখিতে হয়—সাঁটে কদাচ লেখা উচিত নহে ৪ ইহাতে ভবিশ্বতে দোর জনো।

# সহাজনী ভালান।

মহাজনে মাল বিক্রয় করিলে তাহার অগ্রে থাতায় জমা থরচ রাথির। ক্রেন্ডাকে একথানি চালান দিতে হয়! সেই চালানে মালের পরিমাণ দর, ওজন, দাম ও থরচাদি যাহ! হইবে সমস্ত লিখিয়া দিতে হইবে।



हिः बार्टिशिशानिस (निष्
্মাঃ চন্দ্রনাগ্র
ड्रा॰३० निभाग
खः—र्शनभा त्यांके——— <b>८</b> ३५८
ব্লোম চাল্ড বং ২/
भः ४ कि:
বোরা ১ খান।
ছত চৌন ৮৮
वीम कवला / ১!
<del>                                    </del>
1
मन्न ४०० कि॰——००
जित्नद माम।
<b>খবিত্তি</b>

eshe

# প্রীসুখ

বাঙ্গালা সেরেন্ডার পত্র বা চালান লিখিতে হইলে প্রথমে শিরোভাগে বেমন শ্রীশ্রীত্রপা বা শ্রীশ্রীহরি, প্রভৃতি দেবদেবীর নাম লিখিতে হয়; সেইরূপ পত্র বা চালান পূর্তে একটি— "শ্রী" বা শ্রীমুখের চিক্ল দিতে হয়।



শ্রীমূথের অর্থ—"লোভাযুক্ত মূখ" অথব। "সৌভাগ্যের মূখ"। ইহা পত্র ও চালানের একটা সৌঠবতা বই আর কিছুই নহে। অতএব লেখাই উচিত।

আজকাল অনেকেই ছাপান চালান ব্যবহার করিয়া থাকেন। তাহাতে কিছু বাজে থবচ বেশী হয় বটে, কিন্তু নিম্নলিখিত বিষয়ের সহায়তা করে।

- >। ठालान वृद्धि (त्रिया क्रमा अवराहत क्रम (हरू क्रया गांध्र)
- २। मामना मक्रिमा इहेरन जानाना महस्कर आय इस्।
- 🗣। লেপার কার্য্য পুব শিদ্র হয় এবং দেখিতে ভাল হয়।

ছাপান চালান করিতে হইলে তিনথানি চেক করা উচিত। প্রথমথানি চেকে থাকিবে, ছিতীয়থানি গ্রাহককে দিতে হইবে এবং তৃতীয়থানি গ্রাহকেব নিকট সহি করাইয়া চেকে আঁটিয়া.( paste) য়াথিতে হইবে। তৃতীয়থানিয় সহজে আর একটু বিষদভাবে বৃষাইতেছি। অনেক সময় মৃটে, গাজোয়ান. ছারবান বা সরকার ছারায় গ্রাহকের বাটাতে মাল পাঠাইয়া দিতে হয়—ভাহয়ে তৃতীয় চেকথানি সহি করিয়া আনিলে ভবিশ্বতে গ্রাহক মালেয়—গ্রাপ্তি বীকার সমজে আর কোন গোলমাল করিতে পারিবে না। তৃতীয় চালানে এইরপ ভাবে লেখা থাকিলে ভাল হয়।

আপনার ১১৩ নং চালানের মালের সংখ্যা, ওজন, দর, দাম ও জিনিসের ঠিক কোয়ালিটা সমস্ত ব্ঝিয়া পাইয়া এই রসিদ সহি করিয়া দিলাম।

স্থাক্তর	• • • •	٠	٠,	٠	u				•	٠			+	٠.	•	• ,	 •	•	٠,	,	•	٠,
তারিখ				٠.	٠,			•														

#### HEADING.

## হেডিং

হেডিং অর্থে—বিবয়ের নামের পত্তন। নৃত্র শিক্ষার্থীদের এইগুলি বিশেষ জানা আবশ্রক; নহিলে কোন্ বিষয়ের খরচ—কি থাতার পড়িবে, ঠিক করিতে পারিবেন না। হেডিং দিবার আরও উদ্দেশ্য আছে। প্রত্যেক বিষয়ের এক একটা স্বতন্ত্র হেডিং দেওয়া থাকিলে ব্রিতে পারা যায় যে, ইহাতে কত লাভ লোকসান হইল—বা কত টাকা খরচ পড়িল। হেডিং নানারকমের আছে; তন্মধ্যে বেগুলি আমাদের প্রচলিত, সেই গুলির বিষয় এইথানে লিখিতেছি:—

১। ক্রেতা ও বিক্রেতার নামের হেডিং দিয়া জম। খরচ রাখিতে হয়: যেমনঃ—

জ্মা	খরচ———
বিক্রেতা—	ক্রেতা—
होत्रोधन नन्ही	ললিভমোচন পাল———৮০/•
মো: — কাল্না—	মো:—কালিকাপুর— থরচ—
চাল্য ১০০ বোরা ২০০/	চালা ১০ বোরা ২০/ দর—৪১ হি——৮০১
দর—এ। হি—— ৭০০	৺বিক্তি———— ৴৽
	bo/0

#### SALARY.

## ২। কর্মচারী ও চাকরদিগের মাহিয়ানা খাত।।

দোকানের কর্মচারী, চাকর, ধারবান প্রভৃতির মাহিয়ানা বাহা দিতে হইবে—তাহা উপরোক্ত হেডিং দিয়া লিখিতে হইবে। নিমে আদর্শ দিসাম:—

কর্মচাবীদিগের মাহিয়ানা খাতা>৪১
শু: এনীরদচন্দ্র চট্টোপাধ্যায়
নগ্দ——————
গুঃ রামাধীন পাঁড়ে——
नश्रम
ণ্ডঃ নানকু কাহার——৪১
>8′

এখন থোতেন করিবার সময় ১৪ টাকা উপরোক্ত কেডিংএ উঠিয়া গেল, এবং রামাধনা পাঁডে, নীরদচক্র চট্টোপাধ্যায় ও নানকু কাহারের নামে আলাদা করিয়া থোতেন উঠিয়া গেল এবং তাহাদের নামের খোতেনে প্রভ্যেক মাসে মাহিয়ানা জমা হইতে লাগিল।

আদর্শ—

#### 

এই রূপ ভাবে চলিবে।

## ৩। চিঠিযান খাত।।

84

চিঠিপরাদি লিখিবার ভতা থাম, পোষ্টকার্ড, টিকিট, ছাপান থরচ, কাগজ, কলম, থাতা, কালি, নিব, ব্লটিং প্রভৃতি সমস্তই এই থাতার খরচ পড়িবে। যদি ব্যবসাধ-কার্য্যের জ্বতা রেছেটারী বা পার্শ্বেল করিতে হয়, তবে এই খাতায় থরচ ব্লুপড়িবে,—কিন্তু কোনো মাল আনাইবার জ্বন্ত যদি য়েজেটারী যোগে টাকা

#### ৪। বাজে-খরচ খাতা।

দোকানের কার্য্যের জন্ত ঘোড়ার গাড়ি ভাড়া, রেলভাড়া, গো-গাড়ি ভাড়া, নৌকাভাড়া, ষ্টিমার-ভাড়া, টামভাড়া, থপরের কাগজের বার্ষিক মূল্য, কোনো পৃস্তক থরিদ, কোনো জিনিস থরিদ, চাদা দেওয়া, ঘুস দেওয়া, কোনো বিষয়ে দণ্ড বা জরিমানা দেওয়া, পর্কোপলকে বস্তাদি দেওয়া বা বকসিদ্ দেওয়া প্রভৃতি যাহা থরচ হইবে, ভাছা এই খাতায় থরচ পড়িবে। বাজে থাতায় থরচ যত কম হয়—দে বিশ্বারে সকলকার যেন বিশেষ লক্ষ্য থাকে। তবে যাহা একাস্ত আবশুক, তাহার জন্ত রূপণতা করিতে নাই।

#### ৫। বাদাখরচ খাতা।

বাসার জন্ম অর্থাং দ্বত, লবণ, তৈল, তপুল, তরি-তরকারী, জলথাবার, কাপড়-কাচাই, নাপিত, মেথর বিছানা-পত্র, থালা বাসন থরিদ প্রভৃতির জন্ম যাহা থরচ হইবে, তাহা এই থাতায় থরচ পড়িবে।

## ৬। বাট্টাখাতা স্থদিখাতা ও বিলাতখাতা।

উপরোক্ত তিনটা বিষয়ের জ্যা খরচ অনেকে একটা হেডিংএর মধ্যে সমস্ত রকমের জ্যা খরচ লিথিয়া থাকেন। স্ক্র হিসাবে জ্যা খরচ রাখিতে হইলে উচা স্বতন্ত্রভাবে রাখা উচিত। কি বাবদ জ্যা ও খরচ হইলে উপরোক্ত হেডিংএ জ্যা খরচ ক্লুরিতে হয়, তাহার পূথক পূথক সংক্ষিপ্ত বিবরণ নিমে দেওয়া হইল।

## (क) বাট্টা খাতা।

লোট, হুণ্ডি, চেক্ভাঙ্গান, রেজ্কী পদসার বদ্লান প্রভৃতির জন্ম যাহা
আদান প্রদান হইবে তাহা বাটাখাতায় পড়িবে। ৰাজারে যেথানে মিতিতে
মাল থরিদ বিক্রয় হয়, সে স্থলে যদি সেই দিনেই নগদ টাকা আদান প্রদান হয়
তাহা হইলে যে জিনিসের যত দিনের বাজারে মিতি আছে ততদিনের মিতির
একটী হার (rate) বাদ দিয়া নগদ টাকা আদান প্রদান হয়, ঐ টাকাও
বাট্টাখাতার জ্যা প্রস্তুহয়। কথাটা আরো একটু থুলিয়া বলি—মনে-করুন দু
আপনি হাজার টাকার কাপড় কোন মহাজনের নিকট জান্ধ থরিদ করিলেন ক্

বাজারের নিয়ম আছে. যে ৩০ দিনের পর আপনাকে ঐ টাকা সমস্ত দিতে হইবে যদি না দেন, তবে আপনাকে স্থদ দিতে হইবে। এখন আপনার টাকা মজুত আছে বলিয়া, আপনি অছাই মহাজনকে হাজার টাকা শোধ করিয়া দিলেন, তাহাতে মহাজন আপনাকে ঐ ৩০ দিনের স্থদ যাহা বাজার চলন হইবে আপনাকে ফেরত দিবে,— ঐ ফেরত টাকাটী আপনি বাট্টা খাতায় জনা করিবেন। আবার আপনি যদি কাহাকেও মাল বিক্রেয় করেন এবং তিনি যদি নগদ টাকা দেন, তাহা হইলে আপনাকে ঐরূপ ৩০ দিনের স্থদ হিসাব করিয়া ফেরত দিতে হইবে এবং ঐ টাকা আপনার বাট্টাখাতায় খরচ লিখিতে হইবে।

#### (খ) স্থানি খাতা।

মাল বিক্রয়ে অনেক স্থলে মিতি (due) বাজারে প্রচলিত আছে। সেই মিতি উর্ত্তীর্ণ হইলে আপনি পরিদারের নিকট বাহা স্থদ পাইবেন, অথবা তহবিল ছইতে যাহাকে টাকা ধার দিয়া যাহা স্থদ পাইবেন, তাহা সমস্তই স্থদী থাতার জমা প্রতিবে।

#### (গ) বিলাত খাতা।

থরিন্ধারের সথিত আদান প্রদান করিতে করিতে গে সকল টাকা অনাদায় ছইবে সেই টাকাকে "বিলাত থাস্তা" বলে। আথিরির সময় যথন লাভ লোকসানের হিসাব তৈয়ারী করিতে হইবে, তথন অনাদায়ী টাকা "বিলাত খাতা" থাতায় থরচ লিথিয়া পাওনাদারের হিসাব মেটাইয়া লইতে হইবে—শেষ মোনফা ছইতে ঐ টাকা বাদ যাইবে!

বাঙ্গালী ও ইংরাজদিগের উপরোক্ত তিনটা বিষয়ের স্বতন্ত্র থতিয়ান রাথা হয়;
কেবল মাড়োয়ারীরা এক বাট্টা থাতায় ঐ তিন্টা বিষয়ের জনা থরচ করিয়া থাকেন।

### ৭। সাল খরিদ-বিক্রীর নামের হেডিং।

্র কোন মাল থরিদ বিক্রন্ন ইইলে, তাহার নামের হেডিং দিয়া জমা থরচ ্রাথিতে হয়; গেমন—বুট থরিদ থাতা। মাল থরিদ হইলে খরচের দিকে পড়িবে এবং ঐ মাল খরিদ করিয়া গুদামজাত পর্যান্ত যে সকল গরচ হইবে, তাহাও ঐ মালের উপর পড়িবে, নহিলে পড়তা ও লাভ-লোকসান বুঝা বাইবে না।

মান বিক্রম হইলে উহা জমার দিকে পড়িবে; যেমন—বুট বিক্রী খাতা। ৮। খয়রাতি খাতা।

গরিব লোককে দান, পৃজাদিতে থরচ, কন্তাদায়ে বা অন্ত কোন দায়ে দান, কোন সভা-সমিতিতে দান, কাঙ্গালি-ভোজন, বারোয়ারীতে দান প্রভৃতি এই থাতায় থরচ পড়িবে।

#### ৯। বাটীভাড়া খাতা।

ইহাতে গুদান বাট	ो, मिका	ন-বাটী,	বাসা-বাটা	প্রভৃতির	ভাড়া	8	আদান-
প্রদান থাকিবে। নি	য়ে আদর্শ	দিলাম	•				**
বাটী-ভাড়া থাতা	. *		Service of Salph Radio of the Analysis of the	galance from A Republic of the stand of the	Mark de on prin Market and part of the second of the		9•\

<b>F</b> :	১নং জ্ঞানের বৈশাপ মাদের ভাডা দে <b>ও</b> য়া যায়
	মাঃ মণিলাল চট্টোপাধাায়———
∀સ:	রামসিং ছারবান
নগ	Turner authorization returns authorization and authorization and \$ 5 %
म्:	বাসা-বাটীর বৈশাথ মাসের ভাড়া দেওয় যায় মাঃ হরিলাল সেন————————————————————————————————————
	Matthews short call as the Affice and constitution of the Samuel State of the Samuel S

এখন খোতেন করিবার সময়, বাটী-ভাড়া খাতায় ৭০ টাকা উঠিয়া যাইবে এবং মণিলাল চট্টোপাখায়ের নামে ৪০ ও হরিলাল সেনের নামে ২০ আলালা করিয়া খোতেন হইবে। এইরূপ ভাবে মণিলাল বাবু যত টাকা বাটীভাড়া বাবদে লইভেছেন, তাহার খরচ তাঁহারই নামে পড়িতেছে, এবং প্রত্যেক মানের খোতেনে মাসিক ভাড়াও জমা হইতেছে। বৎসরের শৈবে খোগ দিলেই বাকী দেনা-পাওনা বৃথিতে পারা ঘাইবে। পরপৃষ্ঠায় ইুহার একটী আদর্শ দিলাম:—

## 

91	থর্চ
১ নং গুদামের বৈশাধ মাসের ভাড়া	২রা জ্যৈষ্ঠ——-৫∙্ ২রা আ <b>ৰা</b> ঢ়——-৫•্
30-	200/
৩ নং গুদামের বৈশাথ	•••
মাদের ভাড়া———	
. 201	
> नः श्वनारमत्र टेनार्छ	
া মাসের ভাড়া———	
46	
७ नः छनारमद टेकां छ	
মাদের ভাড়া———	
3.	
>88	

#### এই প্রকার চৈত্র-তক জমা গরচ চলিবে।

এখন প্রশ্ন কইতে পারে যে, যদি মণিলাল বাবুর সহিত আপনার মালপত্তের ধরিদ-বিক্রয়ের আদান প্রদান থাকে, তাহা কইলে তাঁহার নামের হেডিং দিয়া, জাব্দাতে যাহা থরচ পড়িবে,—থতিয়ান করিবার সময় তাহা ঐ বাটীভাড়ার সঙ্গে থাকিবে ? এক সঙ্গে থাকিলে কি করিয়া বৃঝা যাইরে যে,—মালের লেনা দেনা কত ? অনেকে ইহা এক সঙ্গেই রাখেন এবং আবশুক হইলে, থতিয়ানের তারিথ দেখিয়া—জাব্দাতে জনাথরচ দেখিয়া মীমাংসা করিয়া থাকেন ; কিন্তু আমাদের মতে তাহা ভাল নহে ? খাহা ও খতিয়ান যত সহজ ও পরিছার ভাবে খুলিয়া লেখা থাকিবে—ততই ভাল। সেইজল্ল আমরা একত্রে না করিয়া একট্ শতন্ত্বভাবে খতিয়ান করিতে থলি। এক কাজ কর্মন ?—মণিলাল বাবুর বামীভাড়ার জন্ত আলাহিদা এইরূপ ভাবে হেডিং ক্র্মন :—

#### মণিলাল চটোপাধারের বাটীভাতা থাতা।

এবং মালের লেনার জন্ত এইরূপ হেডিং করুন :---

#### মণিলাল চট্টোপাধাার।

এখন যদি মণিলাল বাবুর সহিত কর্জের আদান প্রদান হইরা থাকে, ভাহা হইলে কি করিবেন ? তাহার উত্তরে আমরা বলিব,—আর একটা আলাহিদা হেডিং করুন।

#### মণিলাল চটোপাধাায় কোং

অথবা

#### মণিলাল চট্টোপাধ্যায়ের কর্জের থাতা।

মোট কথা, আলাহিদা নামে হেডিং দিলে হিসাবের কোন গোল থাকে না।

#### ১০। নিজ সংসার খরচ-খাতা।

িজের সংসারের জন্ম যে সকল খরচ পত্র হউবে, তাহা এই হেডিংএ **শর**চ পড়িবে। ইহা সহজেই ব্যাক্তি পারেন।

## আমানত মূলধন খাতা।

## Reserved Fund Heading.

বাঞ্চালা সেরেস্তার ভিতর ইহার জমা থরচ ইতিপূর্ব্বে কের করিতেন না।
অধুনা বাঙ্গালা ব্যবসাধীরা যত শিক্ষিত গইতেছেন তত তাহাদের ব্যবসারে
চক্ষু থূলিতেছে। পাশ্চাতা বণিকেরা কারবার করিলেই যেমন লাভ হইতে
থাকে, সঙ্গে,সঙ্গে লাভের একটা অংশ রিজার্ভ ফণ্ড থাতার জমা করিয়া ঐ টাকা
শতদ্র ভাবে বাাক্ষে জমা দিয়া থাকেন। এই রিজার্ভ ফণ্ড বাহার যত টাকা
বেশী থাকে তাহার কার্য্যে যত লোকসানই ৽উক না কেন অগাভাবে
কার্য্য বন্ধ হইয়া যায় না।—কথাটা আরোও একটু বিষদভাবে বোঝাইতেছি।

বাংসরিক হিসাব করিয়া বাহা নিট্ (nett ) মৌনফা হইবে. সেই মৌনফার একটা অংশের টাকা রিজার্ড কতে রাখা হয়, ঐ টাকা কোন প্রকারে থরচ করা হয় না ক্রমেই বংসরের পর বংসরে আরোও বাড়িতে থাকে। যথন কারবারে অত্যন্ত লোকসান হয়, এবং ক্রেডিট্ নই হইবার উপক্রম হয়, সেই সময় রিজার্ড ফতের টাকা বাহির করিয়া ফারমকে রক্ষা করা হয়। বাবসায়ের ইহা একটা প্রধান কার্যা। অধুনা বাঙ্গালী মহান্সনেরা ইহার মর্ম্ম ব্রিডিডে পারিয়া মৌনফার অংশ হইতে রিজার্ভ ফতে টাকা রাখিতেছেন। বাজালায় ইহাকে "আমানত মূল্ধন থাতা" হেডিং দেওয়া যাইতে পারে। নৃতন ব্যবসায়ীরা এই বিষয়ে বিশেষ লক্ষ্য রাখিয়া কার্য্য করিবেন।

এইরূপ ভাবে নানা রকমের হেডিং দিয়া জমা খরচ রাখিলে, প্রত্যেক বিষয়ের লাভালাভ বুঝিতে পারা যাইবে। খোতেন যতই সুক্ষম থাকে,—ততই ভাল এবং সকল বিষয়ের খরচ-পত্র বেশ বুঝিতে পারা যায়।

## কি কি খাতা রাখা দরকার<sup>\*</sup>।

বাবসায় করিতে হইলে, মোটামুটি কি কি থাতা দরকার এবং ঐ সকল খাতা কিন্নপভাবে লিখিতে হয়, তাহা এইখানে বিশ্বভাবে খুলিয়া লিখিলাম।

- ১। পদড়া বা জাবদা চিঠা—(Rough Book or Day Book.)
- ২। এ—পাকা—(Journal.)
- ৩। পতিয়ান ( Ledger Bool:. )
- 8। नगमान वहि (Cash Book.)
- ৫। ওজন বৃদ্ধি (Weigh Book or Measure Book.)
- है। मङ्ख्यात्मव वहि (Stock Book.)
- न। श्वनारमञ्ज्यकि। (Godown Book.)

- ৮। তাগাদার কড়চা বহি।
- ৯। হাত চিঠা। (Bill Book.)
- ১০। কি কি জিনিদ লোকানে আছে, তাহার তালিকাবহি (Catalogue.)
- ১১। ,ঠিকানা-বহি। (Address Book.)
- ১২। ভাকড় বহি। (Deposit Book.)
- ১ত। অভার বহি। (order Book.)
- ১৪। ভি: পি: বহি। (V.P. Book.)
- ১৫। রেলের বা ষ্টামারের চালানের নকল-বহি। (Invoice Copy Book.)
  - ১৬। চিঠির নকল-বহি। (Letter Copy Book.)
  - ১৭। মুনফা থাতা। (Profit & Loss Account Book.)

বালালা সেরেন্ডার মোটার্টী উপরোক্ত করেকথানি থাতা রাখিলেই বেশ কাল চলিতে পারে। কিন্তু ঘাহাদের কারবার বড়, তাহাদের আবশুক মত আরো থাতা বাড়াইতে হয়। আলকাল অনেক দোকানে বিলব্ধ (Bill Book) ও ভাউচর (Voucher) হইরাছে। তাহার কারণ থরিদারে আল কাল অনেক ছলে শঠতা করে, কাডেই ঐ ছইথানি বই আজ কাল রাথাক খ্র দরকার! ইহা ছাপাইতে হয়, হাতের লেখা কেছ করেন না। বিল বহিতে আদান ও প্রদাম ভভয় কাষ্য চলিয়া থাকে এবং খুচরা খুচরা যে সকল ক্রা বিক্রের করিয়া বিক্রেন্ডারা বিলের সহিত যে চালান দের, তাহাকে ভাউচর বলে।

তাহার পর হঙী ও চেক নিথিবার হতন্ত থাতা আছে। পূর্কে সাদা কাগজের উপর ষ্ঠাম্প মারিয়া হঙী নেখা প্রচলিত ছিল এখন তাহাতে অনেক জোয়াচ্ য়ী হওরাতে ছাপান ফারনে হঙী লেখা হয়। যাহাদের ব্যাকে টাকা জমা আছে, তাহারা শ্যাক হইতে একথানি চেক বহি খরিদ করিয়া থাকেন।

আনুর্শ দেখিরা জমা থরচ বুরুন ? প্রত্যেক বিষয়ের বা নামের একটা করিরা হেডিং দিয়া জমা থরচ করিতে হয়, তাহা দা হইলে পোতেন হয় না। হরিদাস বন্দ্যোপাধ্যারকে নত ও বালাম চাল ধারে বিক্রম করা গেল; কাজেই উহার নামে ঐরপ ভাবে থরচ লিখিতে হইলে বুরিবে বে, উহা ধারে যাইতেছে!

কিন্তু ঐ চাল ও শ্বত জমার দিকে আলাহিদা হেডিং দিয়া জমা হইল। ভারা না হইলে মজুত মালের হিসাব হইবে না। বুঝিয়া দেখুন ? ঐ দিকে ১০ বোরা ২০/ মণ বালান চাল ধরিদ আছে এবং বিক্রী লেখা হইতেছে ১॥০ মণ ধারে, এবং ১/ মণ নগদ। এই ২॥০ মণের দাম ১২॥০ টাকা।

এখন চালের ধরিদ ও বিক্রী ছুইটা খোতেন করিয়া দেখা গেল বে, জন্ত তারিখে ২০ / মণ চাল থরিদ হইয়াছে এবং ২॥ মণ চাল বিক্রয় হইয়াছে, বাকী ১৭॥ মণ চাল মজুত রহিল ;—ইহাকেই Stock বা মজুত বলে।

# Journal or Day Book.

# 3। খদ্ড়া বা জাব্দা বা চিঠা।

বাবসারের এই খাতাখানি প্রথমে লিখিতে হয়—বলিয়া ইহাকে খন্ড়াঁ বলে। দোকানের যাবতীর জমা খরচ এই থানিতে লিখিয়া তাহার পর ইহা হইতে ভিন্ন ভিন্ন থাতায় খতিয়ান করা হয়। অধিকাংশ দোকানে জাব্দা খাতাখানি ছইথানি রাথে—শ্বর্গাৎ একখানি কাচা ও একখানি পাকা।

কেছ কোঁচা চিঠা না করিয়া একেবারে পাকা চিঠাতে লিপিয়া থাকেন ।

নাবেবদের কাঁচা কাজ নাই—সব পাকা। আনাদের কাঁচা চিঠা হয় কেন
ভানেন ? নানা রকমের হা ওলাতি—কপালটোকা, কাউকুই জমাধরচ, পাঁচ

হ'লে লেখা, প্রভৃতি কয়েকটা কারণে ভুল চুক্ হয় বলিয়া, কাঁচা পাকা ছই

তম রাখে, কিন্তু আমাদেক বিবেচনার কাঁচা রাখা উচিত নহে ? যাহা

কিন্তু হয়, একে বারে পাকাতে লেখাই উচিত, ভাহাতে কর্মচারীদের ভয়

কিন্তু হয়, একে বারে পাকাতে লেখাই উচিত, ভাহাতে কর্মচারীদের ভয়

কিন্তু হয়, একে বারে পাকাতে লেখাই উচিত, ভাহাতে কর্মচারীদের ভয়

কিন্তু হয় সাহিয়া রাখেন এবং ইহাতেই তহবিলের কৈন্দির্থ কাটিরা

কিন্তু করিয়া লেখা উচিত নহে ? কারণ রুজু দিবার সময় একটু অস্ক্রিয়া হয়। খাতা

কাল্কুট্ করিয়া লেখা উচিত নহে ?—যদি ভূল হইয়া খার; ভজ্জাত উপরে কা

পালেশ লেখা উচিত।

# জাব্দার আদর্শ।

জাব্দা থাতার প্রথম পৃষ্ঠার পর নিম্নলিখিতভাবে ফিরিন্ডি লিখিতে হয়। ফিরিস্তি কাগজ বাবুদ থরিদ বিক্রয় রোকড় জমা প্রচ, সহর কলিকাতা মোং হাট্খোলা, তহবিল জ্ঞাননলাল কড়ুড়ি দন ১৩২৭ সাল ৷

প্রীপ্রীত্বর্গা।

প্রভাকরী।

मन ५७५৮ मान है: ५२५५ ।

শ্রীপ্রশানারামণ জীউর শ্রীচরণ	প্রসাদাং এই কারবার করিতেছি।
বিভারিখ——>	8 <b>३ दिना</b> श
त्रविवाद <del></del> २४	-শে এপ্রেল
· দিনায়।—েরোজ—নামা-	—জমা থরচ রূপেয়া———
<b>5 1</b> <del>1 </del>	থর্চ
<b>এই</b> তকালিমাতা থাতা————	रुद्रिमान भाग
<b>ラギ!――//</b> (	Cर्गः - वर्क्स्यान
धनकुखः ८ वठ	গ্রচ———
মো: —রাণীগঞ্চ——	বালাম চাল———
ज्या	১ বোরা ১৪০ ম <del>ণ—</del>
ওঃ রামনারাণ পাল	मत ८ हिः—— १॥ ॥
গ্ৰণ্মেণ্ট নোট———	বোরা ১খানা৷৭
5 a >866.	দ্বত ১টীন ॥১।•
এক কেডা>৽৽৻	কানাস্তারা বাদ—
124	/510
বালাম চাল বিক্রি খাতা>২॥ :	Ho NO
<b>87</b> ম	मत्र१०० हिः२००
मः হतिषानै शान	টান ১টা———  ।
হিদাবি	1/
>  • মৃণ্	29he's
নগদ বিক্রি	11
3/ An	≥ 9 he/h

55

>2110

22310

हेरजत>>२	no <b>हेटनत</b> ——२१५८	d
<b>6</b> 1	∜রচ	-
ঘুতবিক্রি খাতা———————————————————————————————————	् गरहल्लान मनी	o.
ज्ञा	মোঃ হাওড়া	
मः হরিদাস পা <b>ল</b> ——	খরচ——	
হিসাবি——	ত্তঃ—কেদারনাথ দে——	
॥० मन	গবরমেণ্ট নোট—	
নগদবিক্রি	¢ (কত†——e•\	
। ংশর <b>১</b> ৽৻	নগদ	
₹৮ ৸৽ সের ৩	0/   9% 50/	
বোরাবিক্রি থাতা————	//	
ज्यां	বালাম চাল থরিদ থাতা——৮০৸	لعإ
দ: হরিদাস পাল—	খ্রচ———	
হিসাবি ১ খানা———————————————————————————————————	তঃ হারাধন কর——৮০	
154114 2 4141	मालाल मीनना <b>थ</b>	
//	বস্থর ছিসাবী———।/ ৭	
<b>B C C C C C C C C C C</b>	্ ৩ঃ রামধনী	
টিন বিক্রি খাতা————	ত <sup>ত</sup> সন্ধারের বোঝাই ॥৩ <sup>০</sup> ০	
	1/38 bohelo	
দঃ হরিদাস পাল—	// 30	
হিসাবি ১টা——১০	বাসাধরত খাতা	_:
	थंब्रह	
	,	
হারাধন কর	थानू (कर्ना ১/०२,	
মো:হাটথোলা	//20	
G 1	//	·~
ৰালাম চাল—	2081	ho
১• বোরা ২০/		
मत्र ४ हिः		
	·	
* / >	•	
\$ \$ \$ \$ \$ \$ \$ \$ \$ \$ \$ \$ \$ \$ \$ \$ \$ \$ \$	00/8	

हरजत	ইজের———২০০৸০
भीननाथ रस भागाण	যদি তহবিল হইতে কেত লাওকা লন তাহা হইলে মজ্জের আছে বহিতে লিখিয়া ঝাখিতে হইবে।
ৰ ০ হারাধন করের ২ ০ / মোন চালের দালালী—— ৫ মন হিসাবে——। / ০	ज्यानम्।
রামধনী দদার মূটে————————————————————————————————————	মজুত তহবিল
२२ ७५०/ ०	
গত রোজের মজুত তহবিল——২১৪৮/০	
88b বাদ খরচ——— ২০০৮০/০	ž.
মজ্ত তহরিল ২৪৭ <sub>০</sub> / ০	No. of the last of
লোট ২ কেতা ২০০\ নগদ ২০১ রেজকী ২৫১ পদ্মদা ২০০	· ·

নগদান কাটা হইলেই এইরাপ লিখিতে হইবে এবং খোতেন করা হইলেই
 প্রি দিতে হইবে। তাহা হইলে বুঝা ঘাইবে যে, এই পাজার নগদান জ্
 শভিয়ান হইয়াছে। এইটা বেশ পাকা কাজ।

## Double Entry Systeem.

## তক্রারি জমা খরচ বা হিসাবি জমা খরচ।



পূর্ণের জাব্দা থাতা কি করিয়া লেখা হইয়া থাকে, তাহার আদর্শ দেখান 
হইয়াছে। এই বার জাব্দা খাতাতে প্রতাহ বাহা জমা থরচ হয়, রাত্রে তহবিদ
মিলাইবার পূর্ণে অগ্রে তঁক্রারি জমা থরচ ভালিয়া লইতে হয়- তাহা না হইকে
তহবিদ মেল হয় না, ঠিকে ভূল হয়, মালের থরিদ বিক্রয়ের খোতেন ঠিক থাকে
না এবং লাভালাভ বোঝা বায় না। যদি নগদ টাকায় খরিদ বিক্রয় হয়,
ভালা হইলে তক্রায়ি জনা থরচের কোন আবশুক হয় না। সাফ্ জিনিস
থরিদ ও বিক্রি লিখিলেই চুকিয়া যায়। কিন্তু ধারে মাল খরিদ বিক্রয় হইলেই
তক্রারি জনা থরচ করিতে ১ইবে।

নলে করণ ? আপনি পাঁচ হাজার টাকার মূলধন লইয়া একখানি গোলদারী দোকান খুলিলেন। উক্ত মূলধনের টাকা আপনার নামে মূলধন থাতার
ক্ষমা করিবেন, অথবা ঐ টাকা যদি অন্ত কোন ধনী আপনাকে কারবায়
করিতে দিয়া থাকেন, তবে তাহার নামে মূলধন থাতার ক্ষমা করিবেন—
অথবা ঐ টাকা যদি আপনাকে কর্জ করিয়া লইতে হয়, তাহা হইলে আর
নূলধন থাতায় ক্ষমা না করিয়া মহাজনের নামে ক্ষমা করিবেন। তাহার পর
আপনি থরিদ বিক্রয় আহম্ম করিলেন। যে মহাজনের নিকট আপনি মাল
থরিদ করিলেন তাহার নামে মাল ক্রায় দিয়া ক্ষমা করিলেন এবং ভাহাকে
মথন টাকা দিলেন ওখন তাহার নামে খরচ লিখিলেন। আবার যাহাকে
মারে মাল বিক্রয় করিলেন তাহার নামে মালের ক্রায় দিয়া খরচ লিখিলেন এবং
সে যখন টাকা দিলে তখন তাহার নামে ফামা হইবে। এইটা মোটামুটা থরিদ
বিক্রয়ের ক্রমা থরচ। তাহার পর মাল থরিদ থাতায় থরচ লিখিবার কালীন
মহাজনের নামে হিসাবি থরচ এবং মাল বিক্রী থাতায় থরিদাবের নামে হিনারী
ক্রমা ক্রমচকে ত্রুয়ারি ক্রমা খরচ খবচ।

# ভাদিশ।

क्षंत्र-		the same state of the same sta	প্রচ
হলু <b>দ</b>	বিক্লী খাতা		मङ्गिल भाग>१२।/১४
		জম্	মোং বালায়ত———
मः म	হানন দাস হিস	†वि— <u> </u>	থ ব্ৰচ————
>•	ব: ২০/	>80~	रुल्ल ३० वः २०/
मः न	গেন্দ্ৰনাথ পাল	<b>হিসাবি</b>	<b>मत्र</b> १, तिः——> ३००
æ	ৰ: ১০/	90	ध्रम ह वः ४/
मः ७	क्नामठख, পान	হিস্বি—	
٥ ډ	বঃ ৪০./	:40/	मत्र ४, हि:
<u></u>			বোরা ১৪ খানা
હ@	40%	84.0/	मत । विश्
मः न	रशन—		গাড়ি মুটে ধরচ ১০০০
36	বঃ ২০/	>8 4	খাম ও ভিঃ শিঃ
Œ	বঃ : ০/	90	८४मन २ तर्फ
٠		1 % (	দাৰাশি / হঃ—
€ b¹		965	অড়িত /০ হি:
ধনে	বিক্রি থাতা		<b>৺</b> বিদ্ <del>তি</del>
		জমা	তহরি , ১৫
দঃ ম	হানল দাস হিস	াবী	> < √ @P <
8	b/	らきく	
***************************************			महान्माण शान १०%
বোর	া বিক্রি খাতা-	- CHO	दिश्-हेशिडना
	;	জম্ <del>ব</del>	শ্বচ
দঃ মহানন্দ দাস হিসাবী			रुलुम ६ वः ১०/
>8		<b>9</b>   •	मन् १ कि:

গাড়ি মুটে খরচ খাতা———৮০/০
ख गा
দঃ মহানন্দ দাস
চিসাবি—— দল ০
চিটিয়ান থাতা ৵০
জমা
দঃ মহানল দাস———
हिमावि
ষ্টেশন খ্রচ থাতা
জম্বা———
नः भश्नम माम
हिमारि
রামলাল সরকার দাবাল>১০
নোং হাটধোলা
জম্ ———
नः भाग
হিসাবি >৵৽
আড়ত থাতা>৵৮
জন্
দ: মহানক দাস
हिमादि>०/०
ভবিত্তি খাতা———/১৫
শু: মহানক্ষ লাগ্
किंगांवि/>८
ভহরি খাত্র————————————————————————————————————
The moderned state
महानम गार्ग
रिमाव/: ह

প্রফাদচন্দ্র পাল———
নাং কলিকাতা——
থরচ———
হল্দ ২০ বঃ ৪০/
দর ৭ হি:——২৮০
১

এখানে ভবিত্তি ও তহরি সম্বন্ধে কিছু জানাইতেছি বাজারের সেরেস্তা অনুসারে যত টাকার মাল বিক্রয় হুইবে। ১০০১ টাকার মালের উপর (মনে করুন 🔑 শতকরা) ৺বিভি ও তহরি খরুচ পড়িবে। বংসরে ৮বিজির মোট জমা টাকা হইতে বাজারের বারোয়ারী পূজায় ঐ টাকা দিতে হবৈ আবার কে*হ* কেহ ভিকা. ক্তাদায়, গিড়দায়, প্রভৃতি দানের খরচ ভবিদ্রি ভইতে গোপনে দিয়া থাকেন। কেন না উপরোক্ত দান করিতে আর স্বতম্ব থরচ লেখেন না। ভঃরি থাতায় যাহা বাংসরিক টাকা জ্মা হয়, ভাষা দোকানের কর্মচারী-দিগকে পুরুষারের স্বরূপ মাহিআনার টাকা অনুসারে বিভাগ করিয়া দেওয়া হয়, আবার অনেক ধনী আছেন যাহারা ঐ টাকা আদৌ দেন না। আমাদের विद्वानां धनीतिश्व এরপ টাকা কোন প্রকারে ফারমে লওয়া উচিত মহে ? ইহাতে কর্মচারীরা অভ্যন্ত অসভোষ হইয়া কেবল চুরির দারায় নিজের অভাব পুরুষ করিয়া থাকেন i

আদর্শে দেখুন ? যে মহানন্দ দাসের নামে কি কি জিনিস এবং কি কি বাবদে খরচ পড়িয়াছে।

১। হলুদ ১০ বোরা ২০/ মোন ১৪০ টাকা। জমার দিকে হলুদবিজি থাতা দর্শন মহানন্দ দাস—হিসাবী ১০ বোরার ২০/ ১৪০ টাকা। প্রত্যেক Item এ ধনে বিজি, বোরা বিজি, গাড়িভাড়া ইত্যাদি মহানন্দ দাসের নাম দিয়া হিসাবি জমা করা হইয়াছে—উহাকেই তক্রারি বা হিসাবি জমা থরচ বলে। এইরূপভাবে প্রত্যহ যত থরিদারের নামে মালের থরচ পড়িবে, প্রত্যেক থরিদারের নাম দিরা তক্রারি জমা করিতে হইবে।

তিনটা গ্রাহককে ধাঁরৈ হলুদ বিক্রয় যাহা করা হইল, তাহার তক্রাদ মিটান হইল। এইরূপ ভাবে গ্রাহক ও মহাজনের নামে মাল ধারে থরিদ বিক্রে হইলে, তাহার জমা থরচ করিয়া প্রভাকে মালের ধরিদ বিক্রয় ভালোকে জ্বাৎ ক্রেপ জমা থরচ করাকে তক্রাদ ভালা বলে। জমা খরচের মোট (balance) সমান করাকে তক্রাদ নেটান বলে। ইহাকেই হিসাবী জমা থরচ বা তক্রারি জমা থরচ বলে। আবার যে দিন কেবল নগদ টাকার থারদ বিক্রয় হয়, সে দিন ব্যালান্দ ঠিক করিবার জ্লা তক্রাদ ভালিতে হয় না, কেবল মোট ঠিক দিয়া কৈফিয়ৎ কাটিলেই চলিতে পারে।

আবার আপনি যথন বাজার হইতে তিনজন মহাজনের নিকট ধারে— হলুদ কিনিবেন—তথন তিন জনের—নামে হলুদ জমা করিয়া—থরচের দিকে— "হলুদ থরিদ থাতা" হেডিং দিয়া হিসাবী থরচ লিখিবেন।

## আদর্শ।

•	
<b>S</b> I	4
অমুকুলচন্দ্ৰ দে——-২৪৫%>•	₹
মোং বড়বাজার	
क् ग्	Ą
रुलूम २० वः ८०/	
मः ७ हिः २४०	F
বোরা ২০ থানা ৫১	
	-
৺বিন্তি ৺>৽	
₹8¢%>•	-
ष्य <b>ভन्न</b> ठद्र <b>ा ननी</b> >>२२॥/«	•
মোং পাথুরেগাটা	
- T	Ŧ
्रुत्म ১० वः २०/	:
मः क हिः>२००	1
·	
বোরা ১০ থানা ২॥০	1
৺ ৰিভি ——————————————————————————————————	
> <b>२२</b> ॥∕ ¢	-
वनिष्न कृष् ७১।১०	
মোং পোস্তা	
खमा	
श्लूम e द: >•/	
मूत्र ७ हिः ७०	
বোরা ৫ থানা>١٠	
ঋ বিন্তি	

খরচ
হলুদ খরিদ থাতা
₹₹5
দং অমুকুল দে হিসাবী
२० वः ४०/ २४०
দ: অভয়চরণ নন্দী হিসাবী—
३० वः २०/ ३२०५
দঃ জনাৰ্দন কুণু হিসাবী——
৫ वः ১०/ ७०
৩৫ र: १०/ ४२०
বোরা থরিদ থাতাচ্দণ
খরচ
দঃ অমুকুলচক্র দে হিসাবী——
২০ খানা
` .
দঃ অভয়চরণ নদী হিসাবী——
১০ <b>খা</b> না——
দঃ জনাদন কুণু হিসাবী——
e थाना>10
ve · bho
লক্ষাতি কা কিমানী আমা প্ৰ

তক্রারি বা হিসাবী জনা থরচ কি করিরা করিতে হয়, তাহা বেদ্ধপ বিষদভাবে দেখান হইল, তাহাতে বোধ হয় বেশ ব্ঝিতে পারিবেন। ইহাপেকা জার সহক উপায় নাই।

#### LEDGER BOOK.

## খতিস্থান।

খতিয়ান কাহাকে বলে প্রথমে তাহাই বুঝাইতেছি। পাকা জাব্দা থাতায় যে যে বিষয়ের রকম রকম হেডিং দিয়া জমা থরচ আছে, সেই সকল হেডিএর প্রত্যেক বিষয়ের এক একটা পাতায় থতিয়ানে কেবল তারিথ, ওজন, পরিমাণ ও টাকার অঙ্ক তুলিয়া লওয়া হয়, ইহাকেই থোতেন করা বলে। থোতেন প্রত্যহ লেখা হইলে নিম্লিখিত বিষয় জ্ঞাত হওয়া যায়।:—

- ১। খরিদার ও মহাজনের নিকট দেনা পাওনা কত সহজে বোঝা যায়।
- ২। মাল ধরিদ বিক্রয় ও মজুত কত জানা যায়।
- ৩। মালের থরিদ বিক্রয়ে লাভ লোকদান কত জানা যায়।

থতিয়ান একথানি রাথিলেই চলিতে পারে। তবে বাঁহাদের কার্যা বড় ও নানা রক্ষের কার্যা আছে, তাঁহাদের ভিন্ন ভিন্ন থতিয়ান করিলে কার্যাের বেশ স্থবিধা হইতে পারে। যদি Out-agency বা মোকাম থাকে, তবে তাহার জন্ত অর্থাৎ প্রত্যেক মোকামের জন্ত এক দেট থতিয়ান রাথিলে কার্যাের খুব স্থবিধা হয়। আমাদের মতে সহর ও মকঃশ্বলের আলাহিদা থতিয়ান রাথা উচিত। যদি কার্যাের হই তিনটা বিভাগ থাকে, অর্থাৎ একটা ভূষিমালের কারবার, একটা বাসনের কারবার, একটা তৈলের কারবার থাকে—তবে শ্বতয় থতিয়ান রাথাই স্থবিধা। থতিয়ান যাহাতে প্রতাহ হয়, সে বিষয়ে যেন লক্ষ্য থাকে; নহিলে দেনা পাওনা বুঝা যাইবে না। প্রত্যেকদিন থতিয়ান তৈয়ারী না হইলে, তাগাদার কড়চা-বহি তৈয়ারী হইবে না। এখন কি করিয়া থতিয়ান লিথিতে হয় তাহাই লিথিতেছি:—

# প্রথমে খাতার মলাটের উপরে নিম্নলিখিত ভাবে ফিরিস্তি আঁটিয়া দিতে হয়।

সন ১৩২৭ সাল খরিদ বিক্রয়ের খতিয়ান তহবিল শ্রীআশুতোষ পাল মোং—বর্দ্ধমান।

ি ভিতরে প্রথম পৃষ্ঠার এইরূপ ভাবে পত্তন করিতে হয়। ফিরিস্তি কাগজ বাবুদে খরিদ বিক্রয়ের খতিয়ান

## তহবিল শ্রীআশুতোষ পাল

মোং নৃতনগঞ্জ বৰ্দ্ধমান।

সন ১৩২৭ সাল—

এখানে ক্ষিরিস্তি সম্বন্ধে কয়েকটা কথা লিখিব। ইংরাজনিগের খাতা দেখিলেই বুঝা যায় যে—ধনী কে ও ঠিকানা কোথায়? এমন কি, অনেকের প্রতি পাতায় পর্যস্ত ছাপান নাম থাকে। কিন্তু আমাদের বাঙ্গালা থাতায় অধিকাংশ লোকেরই নামধাম লেখা থাকে না; কাজেই থাতা দেখিয়া বুঝা যায় না মে, মহাজন কে? ইহা ব্যবসায়ের একটা মহৎ দোষ। এ দোষ—পাকা মছরি মহাশয়েরা দেখেন না—বা সহজে সংশোধন করিতে চান না। প্রত্যেক খাতায় নাম দিয়া ফিরিস্তি আঁটিয়া লইতে হইবে; তাহার পর নামের স্কটীপত্র দিতে হইবে ও তাহার প্রত্যেক পাতায় পত্রাছ দিতে হইবে। তাহার পর

#### আদর্শ।


#### শ্রীপ্রীতুর্গা।

সন ১৩১৮ সাল।

#### হিঃ শ্রীনারায়ণচন্দ্র শেঠ,

त्याः-- ठक्तनगत्र ।

জনা ১৪ই বৈশাথ	= ধর্চ	
১৮ই রোজ১৪৽৻	১৮ পাতার জের	—২৬In/•
₹8•√	৯ই বৈশাথ	-20011/0
	১৮ই রোজ	80%
		೨೦೯√+
	বাদ জমা	280
•	বাকী পাওনা	260/0



• দা:—অর্থ দাখিল (carried over) অর্থাৎ নারাণচল্র শেঠের নামে ১৩১৮ সালে ৯৫০/• পাওনা হইতেছে, ঐ টাকার ক্ষের ১৩১৯ সালের ২৫এর পাডার লইরা বাইতে হইবে।

#### **এতি এ**ই

সন ১৩১৮ সাল।

#### হিঃ শ্ৰীফলকৃষ্ণ পাল মো:—ক্লিকাতা।

941	খ্রচ
२৮८मः ज्यावन	২০শে আবাঢ়———৮৪১
২৫শে কাৰ্দ্ধিক	২৭শে অগ্রহায়ণ>৪॥০
:-	:· •>>  •
বুট-খরিদ বিক্রী	থাতা——
	১৩ই আষাঢ় ৫০ বোরা ১০০/মণ ৩০০ ১০ই রোজ ২৫ বোরা ৫০/মণ ১৭০ ৭৫ বোরা ১৫০ মণ ৪৭০
मृत्रका ৮১॥•	=

李. 大

৩০ৰে চৈত্ৰের পর যথন লাভ লোকসান দেখিতে হইবে, তথন মাল বিক্রিকে ্শাহা হইয়াছে তাবা মনফা থাতায় টানিয়া লইয়া যাইতে হইবে।

#### **এ**শ্রিক

नन ३०२६ |---

#### हि: बीताम निः नत्रग्रान

মোং-দানাপুর-থগোল---

41	খর্চ
বৈশাথ মাদের মাহিনা২৫১	সন ১৩২৪ সালের
देखार्छ मारनब	১৫ পাতার বাকী জের
আবাঢ় মাদের———২৫১	८ देवाहे
1 96	৮ আধাঢ়>-
10	১ আবণ>৽৻
	48
	#\$●

উপরোক্ত চিহ্ন দিলে বোঝা বায় যে উহার দেনা পাওনা এই সনেই মিটিয়। গোল অতএব আর জের লইয়া যাইবার আবিশুক নাই।

## হিঃ বোরা খরিদ বিক্রি খাতা—

WAI	খ্রচ
२० देवेणाव	<b>৮ व्या</b> वाज्——
२४ चार्याः 800	8 अपित
৯ শ্রাবণ——৩০ • ্	9001
7004	
वाम	

#### ক্রী ক্রীহর্ণা

मन ১৩১৮ माण।

#### হিঃ প্রীঅক্ষরকুমার শেঠ মোঃ—বড়বাদার শোহাপটা।

THE STATE OF THE S		থরচ	
২৩শে ভাত্ৰ		২৮শে ভাদ্ৰ	>00/
২৮শে আশ্বিন	>000	২৪শে আখিন——	2001
The second secon	৩৪৬।৵•		٥٠٠٠/
বাদ ধরচ——			
वाकी (मना	8410/0		

माः मा १०% मारम्य-

## হিঃ বাজে-খর্চ খাতা----

ख <b>म</b>	থর্চ
<b>३५३ देवनाथ</b> >०\	: २ जा देवनाथ
Reference on the control of the cont	२०८न व्यापन
<i>₱</i> 。.	•1164
	वाम स्था>०\
<b>*</b>	6 911 0

পাকা জাব্দা হইতে নামে নামে এই প্রকারে খতিয়ান করিতে হয়। ইহাতে কৈবল তারিথ ও টাকার অফ উঠিবে, এবং জাব্দাতে একটা দাগ দিয়া পত্রাফ দিতে হইবে।—পাকায় আদর্শ দেশুন ? তাহার পর প্রথম পত্তনের সময় গত সনের যাহা দেশু-পাওনা আছে—তাহা অগ্রে কের লইয়া আনিতে হয়, এবং বংসরের শেবে, এইরপ তাবে কৈছিয়ং কাটিয়া পুনরার আগামী সনে জের লইয়া ঘাইতে হয়।

খতিয়ানের পত্রান্ধ ছাড়া, আর একণানি পর্তাল (Extra Paper) 
কাগজে শ্চী করিলে, থতিয়ান করিবার বিশেষ স্থবিধা হয় এবং ইহাতে কম
সমরে কার্যা হয়। জাব্দার প্রত্যেক পৃষ্ঠার সমস্ত থতিয়ান হইয়া গেলে, পাতার
নীচে "খ" চিহ্ন দিয়া রাখা ভাল; ইহাতে ব্ঝা যায় যে, ঐ পাতার সমস্ত কলম
খতিয়ান হইয়াছে। এ নিয়মটি বেশ ভাল। যদি মাল খরিদ বিক্রীর খতিয়ান
হয়, তবে কত বোরা, কত ওজন ও কত টাকা লিখিতে হয়। যেমন:—

বোরা বা গোটা মাল ধরিদ বিক্রম হইলে, তাহার সংখ্যা দিতে হইবে।

যদি থতিয়ান খুলিবামাত্র দেনা-পাওনা দেখিতে চান, তবে "মহাজন স্থায়"
দেখুন ? খুভিয়ানের ঠিক—লম্বা দেওয়া উচিত নহে ? ৪।৫ কলমে দিলে সহজে
ভূল হয় না।

## CASH-BOOK


বা

#### ৩। নগদান বহি।

Cash-Bookকে বাঙ্গালার নগদান-বহি বলে। ইহাতে কেবল রোজ তারিথে নগদ টাকার মোটা-মুটি হিসাব থাকে। সামান্ত কার্য্য হইলে, দোকানদারেরা জ্যাবদা থাতার নগদানের কার্য্য সারিরা থাকেন। কিন্তু বড় কার্য্যে তাহা হয় না, একথানি বড্জ নগদান বহি রাথিতে হয়। নিয়ে নগদানের আদেশ দেখুন ? \*\*\*\*

## আদর্শ।

লমা — — — — — ১০০২ বিপিনবেহারি দে— — ১০০২ বালাম চাউল বিক্রী— — «২	শর্চ ————————————————————————————————————
দ্বত বিক্ৰী থাতা>৽৲ >>৫১	25
গত রো <del>জের———</del> তহবিল মজুত———২৩৪৮	10
গ্ৰহ শ্ৰহ	/o
মঙ্কুত ২৫৭৮৮	



পাকা জাব্দার আদর্শ দেখিয়া জমা-খরচ এখানে লেখা গেল। পাকা জাব্দার মধ্যে যে সকল নগদ টাকার আদান-প্রদান হইয়াছে, সেই সকল কলম এখানে লেখা হইল। নগদান হইলেই পাকা-জাব্দার পাতার নীচে—নগদান বলিয়া বিখিয়া রাখা ভাল। ইহাতে বুঝা বাইবে যে, এ পাতার নগদান করা হইয়াছে।

## 4. WEIGH BOOK

বা

## ৪। ওজনবহি।

আমদানি ও রপ্তানি মালের ওজনের দাগণটা এই খাতায় লিখিতে হয়।
ওজন চই প্রকার, য়থা:—মিরবাদা ও হম্কা। ওজন করিবার কালীন য়দি
এক হারে ওজন করিয়া ভর্ত্তি করা হয়, অর্থাৎ ১॥০ মণ কিয়া ২/০ বস্তায় ভর্ত্তি
হয়, তাহাকে মিরবাদা ওজন বলে। বাজারে অনেক চল্তি জিনিসের মিরবাদা
ওজন থাকে—তাহা মহাজনে জিনিসের নাম ও কোথাকার চালান দেখিলে
ব্ঝিতে পারেন;—য়েমন লবণ, কলিকাতার ভর্ত্তি জিনিস—কাজেই বোরাসমেত
২/ মণ। কলের সরিমা-তৈল—ক্রীজারে যেরপ ওজন হউক না কেন,
প্রত্যেক টিনে ৮০ সিকার ওজনে ।৭॥০ সের তৈল থাকিবে। বিলাতের জিনিস
সমস্ত মির-হিসাবে চালান আসিয়া থাকে; উহা ওজন করিবার বা গুণিয়া
লইবার আবশ্রুক হয় না।

বিশাতি চিনির ওজন লইতে হইলে—এভারেজ্ ওজন করিয়া লইতে হয়।
বিদিরপুর ডকে যে সকল চিনি ওজন হয়, তাহাতে ওজনের অনেক কারচুপি
আছে। আমার শিথিত "মহাজন স্থার" বিতীয় সংম্বণে এবার বিষয়ভীবে
কেওয়া হইয়ছে—কেথিয়া লইবেন।

বে সকল বোরাতে অসমান ভর্ত্তি থাকে, তাহাকে ছম্কা বোরা বলে।

এমন অনেক জিনিস আছে, যাহা বাধা হইয়া মহাজনকে ছম্কা ভর্ত্তি
করিতে হয়।

#### আদর্শ।

#### প্রীত্রীতুর্গা।

"- সন ১৩১৭ সাল।

বিতারিথ — ১৪ই বৈশাথ।

রোজ----- বুধবার।

ওজন-মিরবাঁধা।

কাত্তিকচন্দ্ৰ দে—

ভূবণটাদ কুণ্ডু-

माः-कानिहत्रण मख मानान।

প্ত: শ্রীতারিণীচরণ বোষ।

ঝাড়া তিসি ভর্তি বোরা সমেত।

20 € 60/ 26 € 60/

२० के ६०/ २० के ६०/

२० के ४०) २० के १८

२० के ००/ २०के ००/

५००६ १००० है २००१

AS show for-

লাং জনা-থয়চ---

( \( \)

#### তারিথ—১৪ই জৈর্চ্চ— রোজ—মঙ্গলবার—

#### ওজন হুম্কা—

দরুণ ১০ জ্যৈষ্ঠ ভারিথের চালানের– মালের দাগপটী—					
	২ নং চালান ১০ বোরা সরিষা।				
٠,	<b>૨/</b> ૨				
٥,,	マノンサ				
۳ د	<b>२/२</b> ·				
> m	₹/\$				
٠, د	٧,				
٥,,	२/२				
۶"	₹/				
۶ ۾	₹/				
٠, د	२/२				
> "	2/311				

বোরা ওজন করিবার সময় পিছনে বোরা দিতে হয়। যদি ডবল বোরা থাকে, তবে ডবল দিতে হয়; তাহা না দিলে মোট ওজন হইতে বাদ দিলেও চলে। সাধারণত: মোটাম্ট কমলামের মালে /> সের হিসাবে বোরার কড়্তা বাদ দিতে হয়। যদি বেশাদামের জিনিস হয়, অর্থাৎ ২০০, ৪০০, টাকা মণের জিনিস হইলে, আন্দাজে /> সের বাদ দেওয়া চলে না,—কারণ বোরার কড়্তা সমান থাকে না। /০০ পোয়ার তফাৎ হইলে ২০০ টাকা মণের জিনিসে প০ আনার তফাৎ পড়ে।

#### > বোরা ২০।২ মণ।

বোরা ওজন করিবার অগ্রে কাঁটার পাষাণ ভাঙ্গিয়া লইতে হয়; তাহা না হইলে—ওজনের তফাং পড়ে। তবে ফের্ফার্ ওজন হইলে কোন কমিকম্তা হয় না। অসমান বোরা ফের্ফার্ ওজন করিলে, মোটের উপর কমি-কম্তা হয় না। বাজারের ওজন ও সেরেন্ডা অনুসারে এবং স্থানবিশেষে প্রত্যেক বোরায় /৮০ ছইতে /১, এবং টীনে /১৯/০ ছইতে /১।০ পর্যান্ত কড়্তা বাদ দেওয়া হইয়া থাকে। দাগপটার শেষে কড়্তা বাদ দিয়া পাকা ওজন ও দর লিখিয়া রাখিতে হয়। আর এক থানি আদর্শ দেখুন ?

( 0 )

শ্লিতনোহন ন	मो	-, <del></del>		
aোঃ চন্দ্ৰ	নগর —	— ় বি	ক্রি মালের ও	জনের দাগপটী
২২শে আয়াঢ়—		এইরূপ	ভাবে রাখি	তে হয়, কিম্বা
১০ টীন ঘুত বি	ক্রির দাগপটী—		জাব্দাতে জমা	
৩ টান		11.44	- প্রতি কর । এরপ ভাবে না	
৩ টান	>16			
৩ টান	-> 8  0	ওজন বি	निथित्नहे চनिएठ	পারে, অর্থাৎ
> টান		১০ টা	ন ঘুত ৪॥৪॥০ ক্য	চ্তা বাদ।৩০/०,
১০ টান		निष्ठे ८।	। । । यमि म	াগ্পটা দেখিবার
কড়্তা বা	ŧ—	আবগুৰ	ক হয়, তাহা হ	ইলে ওজন-বহি
৴১া৹ হিঃ──	12110	<b>मिथित</b>	ই বুঝিতে পা	ব্যিবন। ছোট
<u> </u>	loy o		দোকানদারেরা ব	
	1000		ী লিখিয়া থাকেন	-
নিট——	2100	হিসাব	যত আলাহি	দা ও পরিকার
मत्र हशाल । हिः	<del>,</del>	থাকিন	ব, ততই কাজের	স্থবিধা হইবে।
,		( & )		,
ع/و	२/७	マノミリ	2/0	₹/₹
2/0	ع/ء	२/8॥	₹/8	২৴৩
æ/	₹/€	२/२	マノショ	2/311
२/२	₹/8	२/७	२/२।	₹/8
₹/8	२/२	2/2	₹/@	<b>২/</b> ২ዘ
২/৩	<b>২/৩</b> .	<b>₹/¢</b>	২/৩	マノツボ
₹/8	マノマガ	₹/8	२/२	२/२
<b>ミノ</b> >	2/8	110\s	<b>ミノ</b> 5	2/311
2/0	२/६	<b>২</b> /২॥	२/७	₹/8
₹/₹ .	₹/8	₹/8	₹/₹	२/२॥
8 Ho 5	₹oh¢	crio 5	२०५১	- ২ •    ৯
	co catal-cu	ট ওলন = ১০৩৮	12	

দর ৫ ছিঃ = ৫১৯ । ধ্বনী বোরা গুজন করিতে হইলে এইরূপ ভাবে সাহিন বন্দি করিয়া লিখিতে হয়।

## 5. STOCK BOOK

ব

# ে। আমদানি ও রপ্তানি মালের বহি ।

STOCK-BOOK-এর বাঙ্গালা নাম আমদানি ও রপ্তানি মালের হিনাববহি। যে সকল মাল বাহির হইতে আসে,—ভাহা নিজের ধরিদ হউক বা কোন
লোক বিক্রির জন্ত পাঠাগ—ভাহাকে আমদানি মাল বলে। আর যে সকল
মাল দোকানে বা গোলা হইতে বিক্রের হইরা বা ফেরত হইরা চলিয়া যায়,
ভাহাকে রপ্তানি মাল বলে। বড় কারবারে Stock-বহি না থাকিলে কার্যা
চলে না। Stock-বহি একথানিতে কার্যা চলে বটে; কিন্তু বাঁছাদের মানা
রকমের কার্য্য আছে, তাঁহাদের ভিন্ন ভিন্ন Stock-বহি করিলে কাজের স্থবিধা
হয় বিভাহ জাব্দা হইতে যেমন থতিয়ান হইবে, সেইরূপ Stock-বহিরও
সঙ্গে বজে থতিয়ান হওয়া আবশ্রুক; ভাহা না হইলে প্রভাহ মজুত মালের
হিসাব বুঝা যাইবে না। Stock-বহি ঠিক থাকিলে চুরি সহজে হয় মা;
না থাকিলে পুকুর-চুরি হয়! বাস্তবিক—বাঙ্গালীর কাজে জনেক স্থলে
ভাহাই হইয়া থাকে। Stock-বহিথানি থভিয়ানের মত লিখিতে হয়। একটু
আদর্শ এথানে দেখাইলাম।

প্রথম আদর্শ ঃ--

## বালাম চালের আমদানি ও রপ্তানির হিসাব।

		CHE	catal
****	মোট— ৫২• বোরা	২০শে রোজ১০০	9) ************************************
	২৬শে রোজ ১৭০ "	১৮ই রোজ——— ৫	13
	২০শে রোজ ১৫০ "	- ১৭ই রোজ———১•	9.5
	১৪ই বৈশাথ ২০০ বোরা	১৬ই রোজ——১৭•	বোরা
আম	र्गानि	রপ্তানি	

	দ্বিতীয় আদর্শ ঃ—	, <b>%</b> .
ভারিখ। ১২ই বৈশাখ	গ্ত রোজের জের——— আমদানি————	—২০০ বোরা —১৫০ "
	রখানি	۵«• » >۰۰ »
১৩ই রোজ	মজুত আমদাদি———	₹¢° "
১৪ই ব্যোজ	মজ্ত রপ্তামি	800 ,,
	মজুত	₹₡• "

থতিয়ানের কাগজ ভাঁজিয়া সাধারণতঃ মহাজনেরা এইরূপ করিয়া থাকেন।
এথানে আমরা ছই প্রকার দেথাইলাম। নিয়ে আমরা যে আদর্শটী দিতেছি,
ভাহা স্ব্রিগেকা স্ক্রিগা বিবেচনার এইথানে দিলাম:—

ভারিধ	সাবেক জের	আমদানি	মোট	রপ্তানি	মজুত
২০শে বৈশাখ	১৫০ বোরা	>06	· ২৫•	₹00	৫০ বোরা
২১শে রোজ	e 2)	800	8∉•	٥.,	>00 ,,
২২শে রোজ	>e. "	७०:≉	900	8	૭ <b>૯</b> ٠ "
,	500	2200	>200	200	ve.

আমর। আশা করি যে, সকলে এইরূপ ভাবে থাতা রাখিলে, কার্য্যের খুব শ্বিধা হইবে। দোকানের কর্মকর্তার প্রত্যহ Stock-বহি দেখা কর্ত্তব্য এবং এই দেখিয়া মালের প্রিদ বিক্রয়ের ব্যবস্থা করিতে হইবে।

## 6. GODOWN BOOK

#### বা

## ৬। গুদামের বহি।

শুলামের বহি—Stock-বহির নকল মাত্র। বাহাদের ২০০টা গুলাম আছে, অণচ লোকানের নিকটে অবস্থিত, তাঁহাদের Stock-বহির দ্বারা কার্য্য চলিতে পারে। বাঁহাদের অনেকগুলি ভিন্ন ভিন্ন গ্রিনিসের গুলাম আছে, এবং দোকান হস্ততে দূর পড়ে, এবং বে সকল গুলামে সমস্তবিদ মালের আনদানি রপ্তানি আছে, তাঁহাদের শ্বভন্ন গুলাম-বহি দ্বাথা আবস্থাক। মনে থাকে যেন, ঐ গুলাম-বহি—Stock-বহি হুইতে নকল করিয়া লইতে হুইবে। দৈনিক কার্য্যের সকলে সনস্ত গুলাম-বহি মিল করিয়া ও জমা ধরচ করিয়া Stock-বহিতে তুলিতে হুইবে। ইহার আদর্শ দেওয়া এখানে আনাবস্তুক মনে করিলাম।

## ৭। কড়্চাবাভাগাদারবহি।

মূল খতিয়ান করিবার সময়, এই বহিখানি ঠিক করিয়া য়াত্রেই সারিয়া রাথিতে হইবে, নহিলে ভাগাদা করিবার সময় বিলেষ অস্ক্রেরা হইবে। যাহাদের পত্রের ছারায় তাগাদা করিতে হয়, তাহাদের পত্র লিথিবার কালীম এই কড্চা-বহিখানি সম্বাথে রাথিতে হয়। আর বাহাদের মহত্রে তাগাদা করিতে হয়, তাহাদের ঐ কড্চা-বহিখানি দিলেই, ভাগাদার বহিয়ানি দেখিয়া সহজেই ভাগাদা করিতে পারিবেন। কড্চা-বহি কি করিয়া লিখিতে হয়, ভাহার আদর্শ দিলাম:—

## আদর্শ।

এইরপ ভাবে কর্দ তুলিতে হইবে। মনে কর্মন, ১লা ভারিথে এই সকল লোকের মাল গিয়াছে। এখন ১লা তারিখে রাত্রে থতিয়ান করিবার সময় ঐ বাকী টাকা উঠিল। ২রা ভারিখে অভিলাল দন্তের ২০০ টাকার মাল গেল এবং ৩০০ টাকা জনা হইল। খতিয়ান করিবার সময়ে দেখা গেল বে, ২রা ভারিখে জনা থরচ বাদে ৪০০ টাকা পাওনা হইল। এখন ঐ ৪০০ টাকা কড়্চার উঠিল। এই প্রকার প্রত্যহ—ঐরপ বাকী টাকা তুলিতে হইবে।

## 8. BILL BOOK.

ব

## ৮। হাতচিঠা-বহি।

লোকের সহিত দেনা-পাওনার জন্ম, থতিয়ানের মতন একথানি বহিতে হাতচিঠা করা হয়। হাতচিঠা করিতে হইলে খরিদ্ধারের নিকট /০ আনার রিদদ ট্রাম্প আঁটিয়া তাহার উপর সহি করাইয়া লওয়া হইয়া থাকে, এবং সেই পৃষ্ঠার যে সকল নালের আদান প্রদান হইবে, তাহা সঙ্গে সঙ্গে তাহার দ্বারা জমা খরচ করিয়া হইতে হইবে। ইহাতে ভবিয়তে দেনা পাওনার কোন গোলযোগ আকিবে না এবং টাকা অনাদায় হইলে, নালিশ করিলেই বিনা আপত্তিতে জিক্রি হইবে ? ইহাতে দেনাদারের আর চালাকি চলিবে না, কলিকাতার মান্ধারে হাতচিঠার যথেষ্ঠ চলন আছে। অন্তান্ত সহরে লোকবিশেষে হাতচিঠা করা হইয়া থাকে। তা'হাড়া গোলদারী দোকানে ও উইনো থদেরের নিকট হাতচিঠা লওয়া হইয়া থাকে। এ নিয়ম থুব ভাল—গৃহস্থ থরিদ্ধারগণ বাটীতে হিসাব রাখে না; অনেকে হিসাব গোলমান করিয়া টাকা মারিবার চেটা করে। হাতচিঠা থাকিলে ভাহা করিয় উপায় নাই। তাহাদের ভয় থাকে যে, নালিশ করিলেই টাকা আদার হয়। আজকাল যেয়প বাজার প্রভিয়াহে, ভাহাতে র্যক্রকার সহিত হাতচিঠা করা খুব দরকার!

भव्यक्षीय ज्यानम् तस्यूम १

## जामर्ग।

শ্ৰীশ্ৰীভূৰ্সা। সৰ ১৩১৮ সাম।



#### हिः श्रीमात्रमाश्रमाम शान

त्याः ठम्हननगत्र ।

94	থরচ
२२८म ष्याराष्ट्—	>>ई टेबार्ड
खः नावानमात्र शाल—	লয়া ২০ বোরা ১২/॥•
<b>ड</b> ा	বোরা বাদ——॥•
গৰৰ্ণমেন্ট নোট—— ভিএ ১৪২৪২৮	#•#<
১০ কেডা	দর ১০ হিঃ——১১৫৮ - বোরার দাম ১০ হিঃ——৩৬০
১৩ শ্ৰাবণ জমা শুঃ বেণী চাঁদ	১১৮৮৫ • ১০ই আষাঢ়- লবণ ১০ বোৱা ২০/
নগদ————৪০১	नत्र २।० हिः
>8•\	34004 ·

হাত চিঠার টাকা পাই-পরসা ছিট্সমেত আথিরির পূর্বে মেটান ছইয়া থাকে,—এইটা সাধারণ নিরম, ইহার জের প্রায় যার না। হাতচিঠাথারি মাল লইবার কালীন ও টাকা জমা দিবার কালীন—থরিদারের নিকট লইরা রিয়া তাহাদের দারার লিথাইরা লইতে হয়, এবং থাতাথানি মহাজনের নিকটো থাকিবে।

#### 9. CATALOGUE.

#### ৯। দোকানে কি কি জিনিস আছে, তাহার তালিকা-বহি।

ইহা বাঙ্গালি দোকানদারের নাই বলিলেই হয় ? দোকান করিতে হইলে মালের একটা হিসাব রাথা খুব দরকার। যাহার মেমন কারবার, তাহার সেইরপ তালিকা রাথা দরকার। বড় বড় ফানমে ছাগান মৃল্য তালিকা থাকে; কিন্ধ বাঙ্গালি দোকানদারের মনেই ঐ তালিকা থাকে ? দোকানের কর্মকর্তা অমুপত্বিত থাকিলে, থরিদদার আসিয়া ফিরিয়া যায়। দোকানে তালিকাপুত্তক যেমন একথানি রাথা দরকার—তেমনি দোকানে রোজ তারিখে, যে মাল থরিদ করিবার দরকার, তাহা সঙ্গে সঙ্গে লিখিয়া রাথা উচিত; নহিলে গস্ত করিবার সময় সব কথা মনে পড়েনা।

এই তালিকা-খাতার ভিতর, আমরা আর একটা আবশুকীয় বিষয় লিথিবার প্রস্তাব এখানে জানাইতেছি। ইঙার ঘারায় মহাজনদিগের একটা বিশেষ স্মবিধা হইবে। যেমন আপনার তালিকাখাতায়, আপনার দোকানের আবশুকীয় মালের একটা তালিকা থাকিবে, ঐ সঙ্গে ঐ খাতার পিছনের দিকে, ঐ সকল মালের একটা বিবরণ থাকা চাই। তাছাতে লেখা থাকিবে যে,—

এই মাল কোথা হইতে জামদানি হয় ? তাহার নওয়ালি কথন্ ? কোন্ সময় খরিদ করিলে হৃবিধা হইতে পারে ? কোন্ সময় সমস্ত মাল ক্রয় শেষ করা দরকার ? এবং কথন্। মাল খারাপ হইয়া বাইবার সম্ভাবনা।

#### উদাহরণ।

#### वूष्टे-- এथान बृत्षेत्र चित्रत्र ए एका हहेता

বুট দেশওয়াল নাল ;—নিদিয়া জেলা, জিয়াগঞ্জ, পাকুজ, বড়দানা—যুট—বলিয়া,
মোকামা, পাটনা—নাজারি দানার বুট—ডিল্লিও পঞ্জাব হইতে আমদানি হয়।
লাধারণতঃ মাদমাসের শেষ হইতে বুটের নওয়ালি আরম্ভ হয়; চৈত্র মাসে জায়
জামদানি হয় এবং বৈশাং লাসেও কতক চলে। যদি বাদী রাখিতে হয়, ভবে
এই সময়,—য়াখা উচিত।

আঘাচ মাসে জল পড়িলে বাজার তেজ হয় এবং আখিন মাস হইতে বিক্রম আরম্ভ করিয়া, পৌষ মাসে বিক্রয় শেষ করা ভাল। অঞ্চায়শ সাস হইতে আনুনে বিদি ধরিতে আরম্ভ হয়, অতএব সেই সময় সাবধান!

#### 10. ADDRESS BOOK.

## ১০। ঠিকানা-বহি।

Address book এর অর্থ ঠিকানার বহি। সহরের লোকের ঠিকানা রাখিবার তত দরকার হয় না; তবে কলিকাতার ভায় সহরে রাখিতে হর। তাহা না হইলে সব সময়ে রাস্তার নাম ও নম্বর মনে পড়ে না। মাহাদের মলঃম্বলে কার্য্য আছে, ভাহাদেরও নামধাম এই বহিতে রাখা দরকার। যাহাদের
